

David Do

কমিশনার/সভাপতি

tlccommissioner@tlc.nyc.gov

Jason Kersten

পাবলিক অ্যাফেয়ার্স

press@tlc.nyc.gov

33 Beaver Street

22nd Floor

New York, NY 10004

## নোটিশ: রাউন্ড-ট্রিপ টোলের পেমেন্ট সংক্রান্ত বিধি সংশোধন

29 নভেম্বর, 2023 তারিখ থেকে কার্যকর রাউন্ড-ট্রিপ টোলের পেমেন্ট  
সংক্রান্ত বিধি নিম্নরূপ পরিবর্তিত হয়েছে:

নিচের এইসব ট্রিপ ছাড়া, একজন যাত্রীকে ট্রিপ চলাকালীন সব  
টোল পরিশোধ করতে হবে:

- Rockaway Peninsula থেকে Queens যাত্রার জন্য Cross Bay Veterans Memorial Bridge অতিক্রম করার সময়
- Rockaway Peninsula থেকে Brooklyn যাত্রার জন্য Marine Parkway – Gil Hodges Memorial Bridge অতিক্রম করার সময়
- Staten Island থেকে Brooklyn যাত্রার জন্য Verrazzano Narrows Bridge অতিক্রম করার সময়

নিচের এইসব ট্রিপের জন্য একজন যাত্রীকে ট্রিপ চলাকালীন দুইবার  
(2x) টোল পরিশোধ করতে হবে:

- Queens থেকে Rockaway Peninsula-তে যাত্রার জন্য Cross Bay Veterans Memorial Bridge অতিক্রম করার সময়
- Brooklyn থেকে Marine Parkway অতিক্রম করে – Rockaway Peninsula-এর উদ্দেশ্যে Gil Hodges Memorial Bridge পৌঁছানোর সময়
- Brooklyn থেকে Staten Island যাত্রার সময় Verrazzano Narrows Bridge অতিক্রম করার সময়।

বিধি সংশোধনগুলো সকল প্রকার হলুদ ট্যাক্সি, রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারি (SHL) এবং ভাড়ায় চালিত গাড়ির ক্ষেত্রে প্রযোজ্য, যার মধ্যে লিভারি, কালো গাড়ি ও লিমো রয়েছে।  
হলুদ ট্যাক্সি ও SHL এর সকল মিটার 29 নভেম্বর, 2023 তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।

**উদাহরণস্বরূপ:** কোনো গাড়ি চালক Rockaway Peninsula থেকে একজন যাত্রীকে গাড়িতে তুললে তিনি যদি Queens যেতে চান, তাহলে সেই যাত্রীকে Cross Bay Veterans Memorial Bridge-এর জন্য কোনো টোল পরিশোধ করতে হবে না।

**উদাহরণস্বরূপ:** কোনো গাড়ি চালক Brooklyn থেকে একজন যাত্রীকে গাড়িতে তুললে তিনি যদি Staten Island যেতে চান, তাহলে সেই যাত্রীকে অবশ্যই দুইবার (2x) টোল পরিশোধ করতে হবে।

হলুদ ট্যাক্সি ও SHL এর মিটার সম্পর্কিত আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার TSP পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।